গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/৩য় বর্ষ ডিগ্রী পাস ফ.পূ-২২/২০২৪/১৩৬ তারিখ: ২৬/০৬/২০২৪

## ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের ০৯/০৬/২০২৪ থেকে ০৪/০৭/২০২৪ তারিখের মধ্যে ফরম পূরণ করতে হবে। উক্ত পরীক্ষার ফরমপূরণের ডাউনলোডকৃত ফরম কলেজ ক্যাশ শাখায় প্রদর্শন করে টাকা জমাদানের রসিদ সংগ্রহ করতে হবে। ফরমপূরণের নির্ধারিত ফি সাউথইস্ট ব্যাংক লি:, কলেজ বুথ, বিজ্ঞান ভবনে জমা দিয়ে ডাউনলোডকৃত ফরম, টাকা জমাদানের রসিদ এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি ০৭/০৭/২০২৪ তারিখ বিকাল ০৩:০০ টার মধ্যে কলেজের কলা ভবনে (কলা ভবন সিঁড়ি সংলগ্ন কক্ষে) ৩য় বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটির নিকট জমা দিয়ে ফরমপূরণের কাজ নিজ দায়িত্বে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**ব্যাংকে টাকা জমা দেয়ার নির্ধারিত তারিখ: ০৯/০৬/২০২৪ হতে ০৪/০৭/২০২৪ পর্যন্ত**
**শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ: ০৭/০৭/২০২৪ পর্যন্ত**

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ এবং ২০১৬ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

**১। ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত):**

(ক) যে সকল শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**২। ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত):**

(ক) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(ঘ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষে পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

26.06.2024 26.06.2024

চলমান পাতা-০২

৩। ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন):

(ক) ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

সার্টিটিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর):

(ক) ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ইন-কোর্স পরীক্ষায় অংশগ্রহণ:

নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল শিক্ষার্থীকে কলেজ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুসারে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

১। ডাউনলোডকৃত ফরম ০২ কপি।
২। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অসত্যায়িত)।
৩। ২০২০ সালের ১ম বর্ষ ও ২০২১ সালের ২য় বর্ষের প্রবেশপত্রের ফটোকপি (অসত্যায়িত)।
৪। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি ফরমে একটি করে আইকা দিয়ে লাগাতে হবে এবং অতিরিক্ত একটি রঙ্গিন ছবি মূল ফরমের সাথে স্ট্যাপলার করে দিতে হবে)।
৫। ২০২১ সালের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার টেবুলেশন সীটের ফটোকপি।

বি:দ্র: (১) কোনো শিক্ষার্থী ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন না করে ক্যাম্পাস ত্যাগ করলে সৃষ্ট জটিলতার জন্য কর্তৃপক্ষ কোনো দায়-দায়িত্ব বহন করবে না।

(২) ব্যাংক রশিদে কোনো রকম ঘষামাজা করা হলে তা গ্রহণ করা হবে না এবং রশিদের বিভাগীয় অংশ ও জমাকারীর অংশ বিচ্ছিন্ন না করে জমা দিতে হবে।

নির্ধারিত ফি-এর তালিকা নিম্নে প্রদত্ত হলো।

প্রতিস্বাক্ষর

২৬.০৬.২০২৪

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

26.06.2024
(মো. জেহাদ সরকার)
আহ্বায়ক
৩য় বর্ষ ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২২
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর